




বাংলাদেশ ফার্মেসী কাউন্সিল
রাহাত টাওয়ার, ১৪ লিংক রোড, পশ্চিম বাংলামোটর, ঢাকা-১০০০
ওয়েবঃ www.pcb.gov.bd, ই-মেইলঃ info@pcb.gov.bd



শোক বার্তা

বাংলাদেশ ফার্মেসী কাউন্সিলের সাবেক পরীক্ষা নিয়ন্ত্রক ও ঢাকা বিশ্ববিদ্যালয়ের ফার্মেসী বিভাগের প্রাক্তন ছাত্র জনাব মোঃ হাবিবুর রহমান গত ১৪.০৪.২০২২ তারিখ রাত ১০:০০ টায় তাঁর নিজ বাড়িতে ইন্তেকাল করেন (ইন্না লিল্লাহি ওয়াইন্না ইলাইহি রাজিউন)। তিনি চাকরি জীবনে একজন কর্তব্যপরায়ণ, সৎ, দক্ষ, অমায়িক ও আকর্ষণীয় গুণাবলি সম্পন্ন কর্তকর্তা হিসেবে সকলের নিকট সমাদৃত ছিলেন। তাঁর মৃত্যুতে বাংলাদেশ ফার্মেসী কাউন্সিলের কর্মকর্তা ও কর্মচারী গভীরভাবে মর্মান্বিত ও শোকাভিভূত। ফার্মেসী শিক্ষার অগ্রগতি ও গুরুত্বপূর্ণ অবদানের জন্য আমরা তাঁর প্রতি কৃতজ্ঞ।

আমরা মরহুমের শোকসন্তপ্ত পরিবারের সদস্য ও স্বজনের প্রতি গভীর সহমর্মিতা ও সমবেদনা জ্ঞাপন করছি এবং পরম করুণাময় মহান আল্লাহ রাব্বুল আলামীনের কাছে তাঁর বিদেহী আত্মার মাগফেরাত কামনা করছি।

(মুহাম্মদ মাহবুবুল হক)

সচিব

বাংলাদেশ ফার্মেসী কাউন্সিল